# Times Today BD

এম এস রহমান | রাজশাহী | 19 May, 2025

পাবনার আটঘরিয়ায় ড্রাম ট্রাকের সাথে মুখোমুখি সংঘর্ষে রাতুল ইসলাম (২১) নামের এক মোটরসাইকেল চালক নিহত হয়েছে। আহত হয়েছে আরো একজন। গুরুতর আহত নারীকে পাবনা জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

সোমবার (১৯ মে) বিকেল সাড়ে চারটার দিকে আটঘরিয়ার দেবোত্তর-একদন্ত সড়কের ত্রিমোহন নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে।নিহত রাতুল পাবনা পৌর শহরের পাওয়ার হাউজপাড়া পৈলানপুর মহল্লার নান্নু মিয়ার ছেলে।

আটঘরিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শফিকুজ্জামান সরকার এ তথ্য নিশ্চিত করে জানান, নিহত রাতুল বিকেলে পাবনা থেকে তার চাচাতো বোনকে নিয়ে মোটরসাইকেল যোগে একদন্ত যাচ্ছিল। পথে ত্রিমোহন নামক স্থানে বিপরীত দিক থেকে আসা একটি ড্রাম ট্রাকের সাথে সংঘর্ষে গুরুতর আহত হন তারা।

স্থানীয়রা রাতুলকে আটঘরিয়া উপজেলা স্বাস্থ্য কমেপ্লেক্সে  তারও চাচাতো বোনকে পাবনা জেনালে হাসপাতালে পাঠানো হলে চিকিৎসক রাতুলকে মৃত ঘোষণা করেন। পুলিশ আরো জানায়, ড্রাম ট্রাকটি আটক করেছে পুলিশ। চালক পালিয়ে গেছে।

সংঘর্ষ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:08

URL: https://www.timestodaybd.com/public/rajshahi/2707879943